

পানি সরবরাহ বন্ধ হওয়ার বিজ্ঞপ্তি

দৃষ্টি-আকর্ষণ:

নির্মাণের জন্য এই ভবনের পানি সরবরাহ বন্ধ করা হবে



প্রকল্প #: _____

নির্মাণের তারিখ(সমূহ): _____

বন্ধ করার সময়: সকাল / দুপুর _____ টা থেকে _____ সকাল / দুপুর পর্যন্ত

DDC ফিল্ড অফিসের ফোন নম্বর: _____

কমিউনিটি নির্মাণের লিয়াজোঁ: _____

প্রাক-নির্মাণ নির্দেশনা (বাসার মালিক / তত্ত্বাবধায়ক)

- আপনার বাসার প্রধান ভালভটি বন্ধ রাখুন। পলি মাটি বা পানিব্যবস্থা থেকে কোনো কিছু নির্গত হওয়ার কারণে উদ্ভূত সমস্যা এড়াতে আপনার বাসা/ভবনের পানির প্রধান ভালভটি বন্ধ করা সহায়তা করবে।
- গরম পানির ট্যাংকের উপরের থাকা একটি গরম পানির কল খুলুন।
- কিছু এয়ার কন্ডিশনারের মতো যন্ত্রপাতি যেগুলোর জন্য ঠাণ্ডা পানির প্রয়োজন, সেরকম সকল যন্ত্রপাতি বন্ধ রাখুন।
- বাষ্প উৎপাদনকারী বয়লারে যথেষ্ট পানি থাকা নিশ্চিত করুন।
- সকল ধরনের গৃহস্থালি কাজের জন্য পর্যাপ্ত পরিমাণ পানি সংরক্ষণ করে রাখুন।

পানি সরবরাহ বন্ধ করার কারণে সম্ভাব্য ফলাফলসমূহ (বসবাসকারী)

বর্ণহীন পানি

যদি আপনার পানির রং বাদামি অথবা হলুদ দেখায়, তাহলে এই বিবর্ণতা একটি অস্থায়ী অবস্থা এবং এটি ক্ষতিকারক দূষণকারীর উপস্থিতি নির্দেশ করে না। তবে, বর্ণহীন পানি পান বা রান্না করবেন না এবং পানি পরিষ্কার ও ঠাণ্ডা না হওয়া পর্যন্ত পানির কল ছেড়ে রাখুন।

ক্লোরিনের গন্ধ

পানির প্রধান লাইনে কাজের সময় ব্যবহৃত পাইপ পরিষ্কার করার প্রক্রিয়ার কারণে পানিতে ক্লোরিনের দুর্গন্ধ থাকতে পারে। এটি সময়ের সাথে সাথে দূরীভূত হয়ে যাবে।

নিম্ন চাপ

পানি একবার চালু করার পর আপনি পানিতে কম চাপ দেখতে পারেন। এর জন্য আপনাকে পলিমাটির অ্যারেটর পরিষ্কার করা বা আপনার রেফ্রিজারেটরের পানির ফিল্টার পরিবর্তন করার প্রয়োজন হতে পারে। যদি সমস্যার সমাধান না হয়, তাহলে সকালে DDC এর ফিল্ড অফিসে যোগাযোগ করুন।

ফায়ার হাইড্র্যান্ট উন্মুক্ত হওয়া

আপনি ফায়ার হাইড্র্যান্ট উন্মুক্ত হওয়া ও চালু থাকা লক্ষ্য করতে পারেন। সিস্টেম নিষ্কাশন করার কারণে এরকম করা হয়ে থাকে। কখনো কখনো রাতের বেলায় এগুলো চালু থাকতে পারে। বন্যার মতো সমস্যা উদ্ভূত না হলে, এগুলো সম্পর্কে অবহিত করার প্রয়োজন নেই।

যদি পানির সরবরাহ চালু না হয়ে থাকে:

- আপনার বাসা/ভবনে পানি সরবরাহের প্রধান ভালভ চালু করা হয়েছে তা নিশ্চিত করুন। আপনি যদি মাল্টি-ফ্যামিলি বাসা বা অ্যাপার্টমেন্ট ভবনে বসবাস করে থাকেন, তাহলে আপনার ভবনের তত্ত্বাবধায়কের সাথে পরীক্ষা করুন।
- পানির সরবরাহ চালু হতে বিলম্ব হতে পারে। প্রতিবেশির বাসায় পানির সরবরাহ আছে কী না তা দেখুন। যদি না থাকে, তাহলে আপনার এলাকায় তখনো নিয়োজিত কর্মী কর্মরত থাকতে পারেন।
- একটি পানির কল চালু করুন এবং তীব্র বেগসম্পন্ন বাতাসের শব্দ আছে কী না তা শুনুন। যদি আপনি তীব্র বেগসম্পন্ন বাতাসের শব্দ শুনে থাকেন, তাহলে পানির কল ছেড়ে রাখুন এবং পানি শীঘ্রই চালু হবে।
- এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত নম্বরে DDC এর ফিল্ড অফিসে যোগাযোগ করুন।

আমাদের পানি সংরক্ষণ সিস্টেম থেকে গ্রাহকদের কাছে পানি সরবরাহ করার সময় নিউ ইয়র্ক শহরের পানি কার্যত সীসামুক্ত থাকে। তবে, সরবরাহ লাইন এবং কিছু ভবন ও বাসার অভ্যন্তরীণ পানিব্যবস্থা থেকে পানি সীসা শুষ্ক নিতে পারে। একজন বাসার মালিকের পানিব্যবস্থা/সরবরাহ লাইন থেকে তাদের কলের পানিতে দ্রবীভূত হয়ে যাওয়া সীসার পরিমাণ হ্রাস করতে যদিও NYC যথাযথ পদক্ষেপ গ্রহণ করে থাকে, তারপরেও যদি আপনার অভ্যন্তরীণ পানিব্যবস্থায় সীসা উপস্থিত থাকে, তাহলে পানি সরবরাহ অথবা নর্দমা সংক্রান্ত প্রধান নির্মাণের সময় পানির সরবরাহ বন্ধ করা অথবা সরবরাহ লাইনে দৈনন্দিন ব্যাঘাতের কারণে আপনার পানিতে সীসার মাত্রা অস্থায়ীভাবে বৃদ্ধি পেতে পারে। যদি 15 মিনিটের জন্য পানি বিবর্ণ হয়ে থাকে বা পরিষ্কার না হয়, তাহলে সতর্কতা হিসেবে পানি নিষ্কাশন করার পরামর্শ আমরা দিয়ে থাকি।

NYC এর পানির মান নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে বা আবাসিকভাবে বিনামূল্যে সীসা পরীক্ষার উপকরণের (কিট) জন্য আবেদন করতে চাইলে, 311 এ যোগাযোগ করুন অথবা nyc.gov/dep/leadindrinkingwater ওয়েবসাইট ভিজিট করুন। স্বাস্থ্যের পর সীসার প্রভাব সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে www.cdc.gov/nceh/lead/leadinwater/default.htm।

[Para una copia en español, visite nyc.gov/watershutoff](http://nyc.gov/watershutoff)

中文翻译, 请访问 nyc.gov/watershutoff

Для копии на русском языке, посетите nyc.gov/watershutoff

Pou yon kopi nan lang kreyòl ayisyen, vizité nyc.gov/watershutoff

,한국어 복사본이 필요하시면 [.nyc.gov/watershutoff](http://nyc.gov/watershutoff) 를 방문하여 주세요

Dla kopii w języku polskim, odwiedzić nyc.gov/watershutoff

বাংলা কপিও জনা, অনুগ্রহ করে nyc.gov/watershutoff ওয়েব সাইটে যোগাযোগ করুন

Pour lire ce document en français, visitez nyc.gov/watershutoff

Per una traduzione in italiano, visitare nyc.gov/watershutoff

للحصول على نسخة باللغة العربية، الذهاب إلى nyc.gov/watershutoff

ملاحظ کریں nyc.gov/watershutoff اردو ترجمہ کے لئے

פֿאַר אַ קאָפּיע אין ייִדיש, באַזוכן nyc.gov/watershutoff